বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০১১. ২১. ৩২৭০

তারিখঃ ০১/০৬/১৪২৮ বাং। / ১৬/০৯/২০২১ খ্রিঃ।

## অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৭ তম সভার সিদ্ধান্ত মোতাবেক (স্মারক নং- ৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১(০২).১২/৩৫৭; তারিখঃ ১৩/০৯/২০২১) এলজিইডি'র নতুন উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের ক্ষেত্রে এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের মতামত গ্রহণ পূর্বক ডিপিপি প্রক্রিয়াকরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

১৬.০৯.২০২১
(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২- ৫৮১৫২৮০২
ই- মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি (প্রয়োজনীয় কার্যার্থে):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল) এলজিইডি।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল) এলজিইডি।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি।
৫। সদস্য সচিব, জেন্ডার উন্নয়ন ফোরাম, এলজিইডি।
৬। জনাব .................................................................................................।

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও,শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১(০২).১২/ ৬৫৭ তারিখ: ১৩/০৯/২০২১।

***বিষয় : এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৭তম সভার কার্যবিবরণী।***

এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৭তম সভা গত ০২ সেপ্টেম্বর ২০২১, বিকাল ৩.০০ ঘটিকায় এলজিইডি ভবনের সেমিনার কক্ষে (লেভেল-০৪) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (প্রকিউরমেন্ট ও আইসিটি) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| *আলোচ্যসূচি* | *আলোচনা ও সিদ্ধান্ত* | *দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা* |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | ১.১। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, এলজিইডি এবং সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম গত ১০/০৬/২০২১ইং তারিখে অনুষ্ঠিত ফোরামের ৪৬তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর বিগত সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১.২। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।<br>১.২.১। বিগত সভায় নতুন উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের ক্ষেত্রে ফোরামের মতামত নেওয়ায় বিষয় উল্লেখ করে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সিদ্ধান্ত মোতাবেক পত্র প্রদান না করায় বিষয়টি দুঃখজনক উল্লেখ করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা)'কে সত্বর সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা) |
| | ১.২.২। জনাব সালমা শহীদ, জেন্ডার ও উন্নয়ন ফোরাম জানান, জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা অনুযায়ী তিনটি সেক্টরে ওয়ার্কিং গ্রুপ ও প্রকল্পের ফোকাল পয়েন্টদের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং কার্যবিবরণী পাওয়া যাচ্ছে। কাজের অগ্রগতির জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের সভায় ধন্যবাদ জানানো হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (UM, IWRM ও PM&E) |
| | ১.২.৩। রিপোর্টিং এর বিষয়ে সদস্য-সচিব উল্লেখ করেন, পূর্বের তুলনায় রিপোর্ট প্রাপ্তির সংখ্যা বাড়লেও শতভাগ হয়নি। সভায় মাঠ পর্যায় থেকে রিপোর্ট প্রাপ্তির বিষয়ে সংশ্লিষ্ট সেক্টরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীদেরকে পত্র প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পল্লি, নগর ও পানি সম্পদ উন্নয়ন সেক্টর)। |
| | ১.২.৪। এলজিইডি'র সার্বিক ও প্রকল্প পর্যায়ে জেন্ডার বিষয়ক সকল প্রশিক্ষণের জন্য গঠিত জেন্ডার প্রশিক্ষক পুলের ২০ জন কর্মকর্তার TOT Training এর জন্য প্রকল্প পরিচালক, IGEPL এবং জেন্ডার ফোকাল পয়েন্টদের প্রশিক্ষণের জন্য প্রকল্প পরিচালক, UGIIP-III অর্থায়ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়ে থাকলেও প্রশিক্ষণের জন্য জেন্ডার প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত চুড়ান্ত না হওয়ায় প্রশিক্ষণ আয়োজন বিলম্ব হচ্ছে বলে সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম সভাকে অবহিত করেন।<br>এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নিয়ে প্রশিক্ষণ ম্যানুয়াল চুড়ান্ত করার জন্য প্রকল্প পরিচালক, IGPEL'কে অনুরোধ জানানো হয়। | প্রকল্প পরিচালক, IGEPL<br>প্রকল্প পরিচালক, UGIIP-III |
| ২। খসড়া জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনা (২০২২-২০৩০) উপস্থাপন। | ২.১। সভাপতি বলেন, বর্তমান জেন্ডার সমতা কর্মপরিকল্পনা (২০১৬-২০২১) এর মেয়াদ ডিসেম্বর ২০২১-এ শেষ হবে। ২০২২-২০৩০ মেয়াদে কর্মপরিকল্পনা হালনাগাদকরণের কাজ চূড়ান্ত পর্যায় আছে। তিনি বলেন, যদি নারী উন্নয়ন নীতিমালা ২০১১ বা অন্য কোনো নীতিমালার পরিবর্তন হয়, তবে সে অনুযায়ী কর্মপরিকল্পনার প্রয়োজনীয় সংশোধন করতঃ মূল কর্মপরিকল্পনায় Annexer হিসাবে সংযুক্ত করা হবে। খসড়া জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ফোরামের অনুমোদনের জন্য সভায় উপস্থাপিত হয়।<br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনা ২০২২-২০৩০ মেয়াদে ফোরামের সদস্যদের সম্মতিক্রমে চুড়ান্ত করা হয়, যা চুড়ান্ত অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ৩। TA প্রকল্প (IGEPL) এর অগ্রগতি। | ৩.১। Institutionalizing Gender Equality Practices in LGED (IGPEL) প্রকল্পের অগ্রগতির বিষয়ে টিম লিডার জনাব ফেরদৌসি সুলতানা জানান, এলজিইডি'র সদর দপ্তর পর্যায়ে জেন্ডার অডিট সমীক্ষা সম্পন্ন এবং প্রতিবেদন প্রদান করা হয়েছে। অন্যদিকে, মাঠ পর্যায়ে জেন্ডার অডিট সমীক্ষা সম্পন্ন হয়েছে এবং প্রতিবেদন প্রস্তুতির কাজ চলছে।<br>৩.২। জেন্ডার বিষয়কে মূলধারায় আনতে সার্বিক সহায়তা করছে টিএ প্রকল্প। বর্তমান জেন্ডার সমতা কৌশলের মেয়াদ এবছর শেষ হবে বিধায় ২০২২-২০৩০ মেয়াদে খসড়া জেন্ডার সমতা কর্মপরিকল্পনা হালনাগাদ করে খসড়া প্রণীত হয়েছে। কর্মপরিকল্পনা বাস্তবায়ন নির্দেশিকা ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব (TOR) ও কর্মপরিধি প্রণয়নের কাজ চলছে।<br>৩.৩। জেন্ডার সমতা কর্মকৌশল মনিটরিং ও মূল্যায়ণের জন্য একটি মনিটরিং ফ্রেমওয়ার্ক তৈরি হয়েছে। যার ভিত্তিতে একটি ইলেকট্রনিক এমআইএস ব্যবস্থা (GIMS) প্রস্তুত করা হবে। এবছর শেষের দিকে GIMS পাইলট করা হবে। বিভিন্ন পর্যায় হতে উপাত্ত সংগ্রহের জন্য ছক প্রণয়নের কাজ চলছে।<br>৩.৪। জেন্ডার প্রশিক্ষণ মডিউল তৈরির কাজ প্রায় চুড়ান্ত হয়েছে ও প্রশিক্ষণের জন্য পাওয়ার পয়েন্ট এবং প্রশিক্ষক নির্দেশিকা প্রণয়নের কাজ চলছে।<br>৩.৫। এলজিইডি'র জন্য যৌন নির্যাতন প্রতিরোধ নীতিমালা এর খসড়া চুড়ান্ত হয়েছে। আগামী ১৪/০৯/২০২১ ওয়ার্কসপ এর মাধ্যমে রিভিউ করার পর মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হবে।<br>বিস্তারিত আলোচনান্তে কাজের সন্তোজনক অগ্রগতির জন্য প্রকল্প পরিচালক IGPEL'কে ধন্যবাদ জানানো হয়। | জনাব ফেরদৌসি সুলতানা, টিম লিডার, IGEPLশীর্ষক প্রকল্প |
| ৪। বিবিধ | ৪.১। সভাপতি বলেন, জেন্ডার ফোরামের কার্যক্রম এবং এলজিইডির জেন্ডার সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম সম্পূর্ণ আলাদা। জেন্ডার বিষয়ক কার্যক্রমের জন্য মন্ত্রণালয় বা অন্য সংস্থার সাথে যোগাযোগ অথবা অগ্রগতি প্রতিবেদন প্রেরণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদনের দায়িত্বাবলী প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মাননিয়ন্ত্রণ ও পরিবেশ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) ও নির্বাহী প্রকৌশলী (পরিবেশ ও জেন্ডার) এর কর্মপরিধিতে উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে জেন্ডার ফোরাম এলজিইডির জেন্ডার সংক্রান্ত প্রশাসনিক কাঠামোকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে সহযোগিতা করবে।<br>সিদ্ধান্তঃ ফোরামের ৪৬তম সভায় জেন্ডার সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বিষয়টি জানিয়ে চিঠি প্রদানের জন্য জনাব মানস মন্ডল, সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রশাসন)'কে অনুরোধ জানানো হয়, কিন্তু চিঠি প্রদান না করায় পুনরায় এ বিষয়ে ব্যবস্থা নিতে নির্বাহী প্রকৌশলী (প্রশাসন)'কে অনুরোধ জানানো হয়। | জনাব আমিরুল ইসলাম খান, নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৯/২০২১

(মোঃ আহসান হাবিব)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

অনুলিপি: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক ও ভবন ডিজাইন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম(পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( Q&C), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

১১। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি(২য় পর্যায়), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, প্রভাতী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সৈয়দা আসমা খাতুন, প্রকল্প পরিচালক, জেএসপি, এলজিইডি, ঢাকা-১২০৭।
১৭। নির্বাহী প্রকৌশলী (প্রশিক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব উজ্জ্বল ত্রিপুরা, নির্বাহী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি(২য় পর্যায়), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী(প্রকিউরমেন্ট ইউনিট), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি(২য় পর্যায়), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব হোসনে আরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিইডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব রাহেনা বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী(আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৫। জনাব সোহানা পারভীন, সিনিয়র সহকারী প্রকৌশলী(পিএমএন্ডই ইউনিট), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৬। জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী(পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৭। জনাব ফেরদৌসি সুলতানা বেগম, টিম লিডার, IGEPL প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (প্রকিউরমেন্ট ও আইসিটি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।